

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
[আইন-২ অধিশাখা]
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০২১.০০৪.০১.০০.২৪০.২০১৭-৫৪

তারিখঃ ১৯ জুলাই ২০১৭
৪ শ্রাবণ ১৪২৪


বিষয়ঃ রীট পিটিশন নং-৬৩২৩/২০১৭ পিটিশনার জনাব ইকবাল আহমেদ তাপাদার পিং- ডঃ আব্দুল কাদির, গ্রামঃ আলমনগর, উপজেলাঃ জকিগঞ্জ, জেলাঃ সিলেট - বনাম - সরকার ও অন্যান্য।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার কর্তৃক ১৫.০৫.২০১৭ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ০৮.০৫.২০১৭ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার জকিগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব ইকবাল আহমেদ তাপাদারকে সরকার কর্তৃক স্থায় পদ থেকে অপসারণ করা হলে তিনি উক্ত অপসারণ আদেশকে চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সচিবসহ ৫(পাঁচ) জনকে প্রতিপক্ষ করে বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে এই রীটটি দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানী অন্তঃ তর্কিত প্রজ্ঞাপনের উপর আদেশের তারিখ থেকে পরবর্তী ৬ (ছয়) মাসের জন্য স্থগিতাদেশ দিয়েছেন এবং রুল ইস্যু করতঃ প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। মাননীয় আদালতের আদেশ মোতাবেক কারণ দর্শানোর জবাব নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তুত/প্রেরণ করা সম্ভব হয়নি।

২. এমতাবস্থায়, ১নং প্রতিপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা এতদসঙ্গে প্রেরণ পূর্বক জবাব দাখিল ও বর্ধিত সময় মঞ্জুরসহ মামলায় প্রতিদ্বন্দিতার যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তঃ বর্ণনামতে ১ (এক) ফর্দ।



(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব

ফোনঃ +৮৮০২-৯৫৪০১৯৭

e-Mail: dslaw2.lgd.gov@gmail.com

বিজ্ঞ সলিসিটর
সলিসিটর উইং
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গন, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপিঃ

১. বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
২. যুগ্মসচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ✓ ৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি/মাস্টার কপি।